কোভিড-১৯ সময়কালীন গৃহ হতে উচ্ছেদে সহায়তা

মিশিগানের কোভিড-১৯ সময়কালীন গৃহ উচ্ছেদে জরুরী বিরতি জুলাই মাসের ১৬ তারিখে শেষ হয়েছে। ভাড়া দেওয়ার এবং যদি আপনার বাড়িওয়ালা আপনাকে উচ্ছেদ করার চেষ্টা করে তবে আপনি কী করতে পারেন সেসব বিষয়ে আপনার কিছু প্রশ্নের উত্তর নীম্নে থাকতে পারে।

আমাকে কি গৃহ হতে উচ্ছেদ করা হতে পারে যদি আমি এখনই আমার ঘর ভাড়া পরিশোধ করতে পারি না বা এই সংকট মুহূর্তে ভাড়া দিতে সক্ষম না হই?

আপনি যদি ডেট্রয়েটে বসবাস করেন তবে ১৫ ই আগস্ট এর আগ পর্যন্ত আপনাকে আপনার গৃহ থেকে উচ্ছেদ করা যাবে না। আপনি যদি মিশিগানের অন্য কোথাও বাস করেন তবে হ্যাঁ, আপনার ভাড়া না দেওয়ার কারণে আপনাকে উচ্ছেদ করা যেতে পারে।

আমার ঘর ভাড়া পরিশোধ করতে আমি কিভাবে সাহায্য পেতে পারি?

ডেট্রয়েট সিটি শহরে বসবাসরত বাসিন্দাদের যারা গৃহ উচ্ছেদের মুখোমুখি হন এবং নির্দিষ্ট আয়ের প্রয়োজনীয়তা পূরণ করেন তাদের সহায়তার জন্য একটি তহবিল গঠন করেছে। এই প্রোগ্রাম সম্মন্ধে আরও জানতে, কল করুন ৮৬৬-৩১৩-২৫২০ নাম্বারে অথবা ভিজিট করুন www.detroitevictionhelp.com

মিশিগান রাজ্য মিশিগানের বাসিন্দাদের যারা কোভিড-১৯ চলাকালীন বাড়ি ভাড়া পরিশোধে পিছনে পড়েছিল তাদের নিজ গৃহে রাখতে তাদের জন্য একটি (এভিকশন ডাইভার্শন প্রোগ্রাম) উচ্ছেদ বিভাজন কর্মসূচি স্থাপন করেছে। আপনি যদি আপনার গৃহ হতে উচ্ছেদের সম্মুখীন হোন, তাহলে আপনার স্থানীয় হাউজিং এসেসমেন্ট এন্ড রিসোর্স এজেন্সি (HARA)এর সহযোগিতার জন্য যোগাযোগ করতে পারেন। সাউথ ইস্ট মিশিগানে (HARA)এর শাখাসমূহ হলোঃ

- **ডেট্রয়েটঃ** ইউনাইটেড কমিউনিটি হাউজিং কোয়ালিশন, (৮৬৬) ৩১৩-২৫২০, www.uchcdetroit.org/contact
- **ওয়েইন কাউন্টিঃ** ওয়েইন মেট্রো কমিউনিটি অ্যাকশন এজেন্সি, (৭৩৪) ২৮৪-৬৯৯৯, www.waynemetro.org
- **ওকল্যান্ড কাউন্টিঃ** কমিউনিটি হাউজিং নেটওয়ার্ক, (২৪৮) ২৬৯-২৩৩, hrc@chninc.net
- **ম্যাকোম্ব কাউন্টিঃ** ম্যাকোম্ব হোমলেস কোয়ালিশন, (৫৮৬) ২১৩-৫৭৫৭, rwalters@macombhomelesscoalition.com
- **ওয়াস্টেনেও কাউন্টিঃ** দ্যা সেলভেশন আর্মি, (৭৩৪) ৯৬১-১৯৯৯, shana.collins@usc.salvationarmy.org

আপনি যদি উপরে তালিকাভুক্ত ব্যতীত অন্য কোনও কাউন্টিতে থাকেন তবে আপনি এখানে আপনার HARA শাখা খুঁজে পাবেনঃ https://www.michigan.gov/documents/mshda/MSHDA_HARAs_Contact_List_678040_7.pdf

এই প্রোগ্রামগুলির যে কোনওটির জন্য যোগ্য হওয়ার জন্য, আপনাকে অবশ্যই বাড়ি ছাড়ার জন্য একটি নোটিশ বা আদালতের আদেশ তলব করা, অভিযোগ বা রায় পেয়ে থাকতে হবে। এই প্রোগ্রামগুলিতে অন্তর্ভুক্তির সময়, আপনাকে আপনার অভিবাসন স্থিতি সম্পর্কে জিজ্ঞাসা করা হতে পারে। কিছু নির্দিষ্ট আইনী সংস্থাগুলি যেভাবে অর্থায়িত হয়ে থাকে তার কারণেই এটি করা হয়। আপনার অভিবাসন অবস্থা নির্বিশেষে আপনি সহায়তা পাওয়ার জন্য যোগ্য হবেন এবং আপনার তথ্যও গোপন রাখা হবে।

এই সংস্থাগুলি অনুমান করে যে তহবিলগুলি কমপক্ষে কয়েক মাস স্থায়ী হবে, তাই আপনি অবিলম্বে তাদের সাথে যোগাযোগ করতে না পারলে চিন্তিত হবেন না।

আরও তথ্যের জন্য ভিজিট করুনঃ https://www.michigan.gov/mshda/0,4641,7-141-5555-533463--,00.html

আমার বাড়িওয়ালা কি আমাকে আদালতে না নিয়ে উচ্ছেদ করতে পারেন?

না। আপনার বাড়িওয়ালা অবশ্যই আপনাকে উচ্ছেদ করার জন্য আদালতে নিয়ে যেতে হবে।

আদালতে আমার অধিকারগুলি কী এবং আমি কোথায় আইনী সহায়তা পেতে পারি

আপনি যদি আদালতে যান, আপনার নিজের প্রতিরক্ষা উপস্থাপনের অধিকার আপনার রয়েছে। আপনি কোনও অ্যাটর্নি আনতে পারেন এবং আপনি জুরি বিচারের দাবি করতে পারেন। আপনি কোনও বন্দোবস্ত নিতে সক্ষম হবেন যা আপনার পাওনা ভাড়ার পরিমাণ হ্রাস করতে পারে। যদি আপনি আদালতে উপস্থিত না হন, আদালত একটি ডিফল্ট রায় প্রদান করবে, যা ভবিষ্যতে উচ্ছেদ, নেতিবাচক ক্রেডিট ইতিহাস এবং বাড়ি ভাড়া নেওয়ার মত বিষয়ে অসুবিধা হতে পারে।

নিম্নে তালিকাভুক্ত সংস্থাগুলি বিনা খরচে আইনি সহায়তা দেয়। তহবিল সংক্রান্ত প্রয়োজনীয়তার কারণে, এই সংস্থাগুলির মধ্যে কয়েকটি কেবল মার্কিন বাসিন্দা এবং গ্রিন কার্ডধারীদের সেবা দিতে পারে, তাই আপনাকে আপনার অভিবাসন স্থিতি সম্পর্কে জিজ্ঞাসা করা হতে পারে। এই সমস্ত সংগঠনগুলো আপনাকে এমন একটি সংস্থায় নিয়ে যাওয়ার প্রতিশ্রুতিবদ্ধ যা আপনাকে সাহায্য করবে এবং আপনার তথ্যকে গোপনীয় রাখবে।

- **ডেট্রয়েটঃ** ইউনাইটেড কমিউনিটি হাউজিং কোয়ালিশন, (৩১৩) ৯৬৩-৩৩১০, www.uchcdetroit.org/contact অথবা মিশিগান লিগ্যাল সার্ভিসেস, (৩১৩) ৯৬৪-৪১৩০
- **ওয়াস্টেনেও কাউন্টিঃ** লিগ্যাল সার্ভিসেস অফ সাউথ সেন্ট্রাল মিশিগান, কল করুন (৭৩৪) ৬৬৫-৬১৮১ এবং মেসেজ প্রেরন করুন।
- **স্টেইটওয়াইডঃ** লেইকশোর লিগ্যাল এইড, (৮৮৮) ৭৮৩-৮১৯০ অথবা ভিজিট করুন https://michiganlegalhelp.org/call_intake_intro

সকল অভিবাসীরা কি এই প্রোগ্রামসমূহে আবেদন করতে পারবেন?

হ্যাঁ, সকল অভিবাসীরা আবেদন করতে পারবেন। এখানে কিছু ডকুমেন্টেশন প্রয়োজন যেমন বৈধ আইডি এবং বাড়ির ইজারা।

এই প্রোগ্রামগুলির মধ্য থেকে প্রাপ্ত সহায়তা কী পাবলিক চার্জ বিধি দ্বারা প্রদত্ত নিষেধাজ্ঞার মধ্যে পরবে?

না। এই সুবিধাগুলি পাবলিক চার্জ বিধি দ্বারা প্রদত্ত নিষেধাজ্ঞার সুবিধাগুলির তালিকায় অন্তর্ভুক্ত করা হয়নি। পাবলিক চার্জ সম্পর্কে আপনার যদি উদ্বেগ থাকে তবে আপনার কোনও ইমিগ্রেশন অ্যাটর্নির সাথে যোগাযোগ করা উচিত।

বাড়িওয়ালাদের জন্য কি কোন সহায়তা রয়েছে?

স্টেট অফ মিশিগান এর (এভিকশন ডাইভার্শন প্রোগ্রাম) উচ্ছেদ বিভাজন প্রোগ্রামের মাধ্যমে, বাড়িওয়ালা ভাড়া হিসাবে ভাড়াটের সব মিলিয়ে এককালীন ৯০% পর্যন্ত ভাড়া ফিরে পেতে পারেন। বাড়িওয়ালাদের অবশ্যই ভাড়া দিতে দেরী করার ফি এবং পিছনের ভাড়ার ১০% অবধি মাফ করতে হবে। আরও তথ্যের জন্য ভিজিট করুন https://www.michigan.gov/mshda/0,4641,7-141-5555-533463--,00.html

এই ডকুমেন্টের তথ্যসমূহ আমাদের দক্ষতার সেরাটি দিয়ে যাচাই করা হয়েছে তবে তা কর বা আইনী পরামর্শ হিসাবে বিবেচনা করা উচিত নয়। কোনও পদক্ষেপ নেওয়ার পূর্বে একজন অ্যাকাউন্টেন্ট এবং/অথবা আইনজীবীর সাথে পরামর্শ করার জন্য আমরা আপনাকে খুব বেশী সুপারশ করি। গ্লোবাল ডেট্রয়েট গ্যারান্টি দিতে পারে না যে আমাদের সেরা প্রচেষ্টা দেওয়া সত্ত্বেও এই ডকুমেন্টটিতে কোনও ভুল বা ত্রুটি নেই এবং দ্রুত পরিবর্তন হওয়া বর্তমান পরিস্থিতিতে , প্রকাশের সময়ের পরে কোনও পরিবর্তনগুলো ঘটতে পারে যা এই নথির তথ্যের যথার্থতার উপর প্রভাব ফেলতে পারে। এই ডকুমেন্টটি সর্বশেষ হালনাগাদ করা হয়েছে ২৪ জুলাই, ২০২০।

GLOBAL DETROIT